তারিখ 11 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# জাবি প্রক্টরের পদত্যাগ দাবিতে মশাল মিছিল

■ জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) প্রক্টরের পদত্যাগ দাবিতে চলমান আন্দোলনের অংশ হিসেবে মশাল মিছিল করেছেন শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের প্রান্তিক গেট থেকে দেড়শতাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে মিছিলটি শুরু হয়ে অমর একুশের পাদদেশে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। সমাবেশে প্রগতিশীল ছাত্রজোটের নেতা ও জাবি ছাত্র ইউনিয়নের সভাপতি দীপাঞ্জন সিদ্ধান্ত কাজল বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন এ ব্যর্থ প্রক্টরকে বাঁচাতে বিভ্রান্তিকর বিবৃতি দিয়ে আন্দোলনকে প্রশ্নবিদ্ধ করতে চাচ্ছে।